রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন রুকূ করতেন তখন আঙ্গুলগুলো ছড়িয়ে দিতেন এবং যখন সেজদা করতেন তখন তার আঙ্গুলগুলো মিলিয়ে রাখতেন।

ওয়ায়েল ইবন হুজর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন রুকূ করতেন তখন আঙ্গুলগুলো ছড়িয়ে দিতেন এবং যখন সেজদা করতেন তখন
তার আঙ্গুলগুলো মিলিয়ে রাখতেন। [সহীহ] [ইবন হিব্বান এটি বর্ণনা করেছেন।]

হাদীসটির অর্থ: “যখন রুকূ করতেন তখন আঙ্গুলগুলো ছড়িয়ে দিতেন এবং যখন সেজদা করতেন তখন তার আঙ্গুলগুলো মিলিয়ে রাখতেন”। অর্থাৎ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকূতে দুই কব্জি দ্বারা দুই হাঁটু পাঁকড়াও করতেন এবং আঙ্গুলগুলো ছড়িয়ে রাখতেন। কারণ, এটি রুকূর জন্য অধিক সুবিধাজনক এবং তার পিঠকে মাথা বরাবর করার জন্য অধিক পরীক্ষিত। আর সেজদার সময় তিনি তার দুই কব্জিকে যমীনে রাখতেন এবং তার আঙ্গুলগুলোকে এমনভাবে মিলিয়ে রাখতেন যেন একটি আঙ্গুল অপর আঙ্গুলের সাথে মিশে থাকে। যাতে এ দ্বারা পরিপূর্ণরূপে কিবলা মুখি হওয়া সাব্যস্ত হয়। আর সেজদার সময় আঙ্গুলগুলো এভাবে থাকলে অধিক বহন করতে সক্ষম হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/10928